

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৩৮  
আগরতলা, ১৩ মার্চ, ২০১৯

লাইসেন্স প্রাপ্ত আগ্নেয়াস্ত্র  
জমা দিতে নির্দেশ

লোকসভার সাধারণ নির্বাচন ২০১৯ শান্তিপূর্ণভাবে সংগঠিত করতে পশ্চিম ত্রিপুরা জেলায় লাইসেন্স প্রাপ্ত সব আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার আদেশ দিয়েছেন পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ও সমাহর্তা। এক আদেশবলে আগামী ২২ মার্চ, ২০১৯ তারিখের মধ্যে সব ধরনের আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

আদেশে বলা হয়েছে ব্যাল্লের প্রহরায় নিযুক্ত নিরাপত্তা রক্ষীদের লাইসেন্স প্রাপ্ত আগ্নেয়াস্ত্র গোলাবারুদের ক্ষেত্রে এই আদেশ কার্যকর হবে না। এই আদেশ লোকসভা নির্বাচন ২০১৯ প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে। আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*